গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাপুর,টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩৭৭.০০০.১০.০০২.২০- ৭৭ তারিখ ঃ[illegible]/০১/২০২১ খ্রিঃ।

হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্বসাধারণকে অবহিত করা যাচ্ছে যে, মির্জাপুর উপজেলাধীন ১৪ টি ইউনিয়নে অবস্থিত নিম্ন বর্ণিত হাট-বাজারসমূহ সরকারী নীতিমালা মোতাবেক ১৪২৮ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ইচ্ছুক/আগ্রহী ইজারাদার/ব্যক্তিবর্গের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন জানা যাবে।

হাট-বাজার ইজারা ক্যালেন্ডার ঃ

ক্রঃ নঃ	হাট বাজারের নাম	ইউনিয়নের নাম	১৪২৮ বাংলা সনের সরকারী সম্ভাব্য মূল্য	দরপত্রের মূল্য	পর্যায়ক্রমে দরপত্র বিক্রয়ের তারিখ (অফিস চলাকালীন পর্যন্ত)	পর্যায়ক্রমে দরপত্র দাখিলের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭
০১	ছাওয়ালী বাজার	মহেড়া	৬,৩৩৪/-	৫০০/-	১ম বার ১৭.০২.২০২১ খ্রি.	১ম বার ১৮.০২.২০২১ খ্রি.
০২	জামুর্কী হাট	জামুর্কী	৩,৫০,৭০০/-	১,৪০০/-	২য়বার ২৪.০২.২০২১ খ্রি.	২য়বার ২৫.০২.২০২১ খ্রি.
০৩	হাট ফতেপুর	ফতেপুর	১,০৪,৯০০/-	১,০০০/-	৩য়বার ০৩.০৩.২০২১ খ্রি.	৩য়বার ০৪.০৩.২০২১ খ্রি.
০৪	কুড়ালিয়াপাড়া হাট	বানাইল	১,৩০০/-	৫০০/-	৪র্থবার ১০.০৩.২০২১ খ্রি.	৪র্থবার ১১.০৩.২০২১ খ্রি.
০৫	মাঝালিয়া হাট	বানাইল	১,৩৯,৩৩৪/-	১,০০০/-	৫মবার ২৪.০৩.২০২১ খ্রি.	৫মবার ২৫.০৩.২০২১ খ্রি.
০৬	চামারী ফতেপুর হাট	আনাইতারা	১৬,২০০/-	৫০০/-	৬ষ্ঠবার ০৭.০৪.২০২১ খ্রি.	৬ষ্ঠবার ০৮.০৪.২০২১ খ্রি.
০৭	খাগুটিয়া হাট	আনাইতারা	৭১,১৩৪/-	৫০০/-		
০৮	নাগরপাড়া হাট	ওয়ার্শী	৫,০০০/-	৫০০/-		
০৯	বরাটি হাট-ভাতগ্রাম	ভাতগ্রাম	৫৭,৬৭৫/-	৫০০/-		
১০	হাড়িয়া হাট-	ভাওড়া	৮,৪৪০/-	৫০০/-		
১১	দেওহাটা হাট	গোড়াই	৩০,৮৩,৩৩৫/-	৬,৮০০/-		
১২	সোহাগপুর হাট	গোড়াই	৮৩,৮৩৪/-	৫০০/-		
১৩	রাজাবাড়ী হাট	গোড়াই	৫,০০০/-	৫০০/-		
১৪	হাটুভাঙ্গা হাট	আজগানা	১০,৫৪,৭০০/-	২,৮০০/-		
১৫	খাটিয়ার হাট	আজগানা	১,৭১,৫১৭/-	১,০০০/-		
১৬	আজগানা হাট	আজগানা	৫,০০০/-	৫০০/-		
১৭	কুড়িপাড়া হাট	আজগানা	১,৩০০/-	৫০০/-		
১৮	পাথরঘাটা হাট	তরফপুর	৪,০৮,৭০০/-	১,৬০০/-		
১৯	ছিট মামুদপুর হাট	তরফপুর	১৯,০০০/-	৫০০/-		
২০	কাইতলা হাট	বাঁশতৈল	৮১,৫২,৩৩৪/-	১৭,০০০/-		
২১	বাঁশতৈল হাট	বাঁশতৈল	১,৬৮,৭৭০/-	১,০০০/-		
২২	বংখুরী হাট	বাঁশতৈল	৫,০০০/-	৫০০/-		
২৩	বান্দাচালা হাট	লতিফপুর	২,১০০/-	৫০০/-		

দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতি সেট হাট-বাজারের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরত যোগ্য), জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, এস এ শাখা, সহকারী কমিশনার (ভূমি), মির্জাপুরের কার্যালয়, মির্জাপুর থানা, সোনালী ব্যাংক, মির্জাপুর শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন (তফসিলে বর্ণিত ৬ নং কলামে উল্লেখিত তারিখ) ক্রয় করা যাবে। দরপত্র দাতাকে প্রতিটি দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে **"উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল"** এর অনুকূলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমম্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হবার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের অতিরিক্ত ৫% অর্থ আয়কর কোড নং-১-১১৪১-০১২০-০১১১ এবং ১৫% অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) কোড নং ১-১১৩৩-০০৩৫-০৩১১ তে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে ০২ (দুই) প্রস্থ চালানের কপি ইজারা মূল্যের অবশিষ্ট টাকার সংগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় হাট বাজারের জন্য জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে। দরপত্র সমূহ

১ম বার ১৭.০২.২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে এবং ১৮.০২.২০২১ খ্রি. তারিখ মোতাবেক ০৫ ফাল্গুন, ১৪২৭ বাংলা সন বেলা ১.০০ (এক) ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ২.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। উল্লেখ্য পরবর্তীতে ৬ ও ৭ নং কলামে উল্লেখিত তারিখে যথাক্রমে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়া সরকার কর্তৃক জারিকৃত যে কোন নির্দেশ ইজারাদারকে মেনে চলতে বাধ্য থাকতে হবে।

দরপত্রের শর্তাবলী ঃ

১। প্রতিটি হাট-বাজার ১৪২৮ বাংলা সনের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদের জন্য ইজারা প্রদান করা হবে।

২। দরপত্র দাতাকে প্রতিটি দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে "উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল" এর অনুকূলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যয়িত অর্থ ইজারাদারের বরাবর প্রত্যার্পন করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হবার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের অতিরিক্ত ৫% অর্থ আয়কর কোড নং-১-১১৪১-০১২০-০১১১ এবং ১৫% অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) কোড নং ১-১১৩৩-০০৩৫-০৩১১ তে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে ০২ (দুই) প্রস্থ চালানের কপি ইজারা মূল্যের অবশিষ্ট টাকার সংগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় হাট বাজারের জন্য জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্যে) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। ৬ষ্ঠ বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩ বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। ৬ষ্ঠ বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩ বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তা হলে কাংখিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা প্রদান কার্যক্রম অব্যাহত থাকবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভূক্ত হাট বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। সীলমোহরকৃত খামের উপর স্পষ্টাক্ষরে হাটের নাম, দরপত্রদাতার নাম ও ঠিকানা লিখতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে রাখার ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক হাট বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিচ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৫। হাট বাজারের ইজারার টাকা পরিশোধে ব্যর্থ হলে সরকারী দাবী আদায় আইনে সার্টিফিকেট মামলার মাধ্যমে পাওনা টাকা আদায় করা হবে।

১৬। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আবদুল মালেক)
উপজেলা নির্বাহী অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল।
ফোন নং- ০৯২২৯-৫৬০১৮।

স্মারক নং- ০৫.৩০.৯৩৭৭.০০০.১০.০০২.২১- ৭৭ তারিখ ঃ৩১ /০১/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), টাঙ্গাইল।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
০৮। উপজেলা নিবাহী অফিসার, ...(সকল), টাঙ্গাইল।
০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/সওজ/এলজিইডি, টাঙ্গাইল।
১০। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল।
১১। সহকারী কমিশনার (ভূমি), মির্জাপুর, টাঙ্গাইল। বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাকে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের এবং জারীর প্রতিবেদন দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের ০২ (দুই) দিন পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করার নির্দেশ দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১২। উপজেলা ....কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল।
১৩। ব্যবস্থাপক, সোনালী/বিকেবি/অগ্রণী ব্যাংক, মির্জাপুর শাখা, টাঙ্গাইল।
১৪। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল। বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে তার ইউনিয়নে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের এবং জারীর প্রতিবেদন দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের ০২ (দুই) দিন পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা ....ইউনিয়ন ভূমি অফিস, মির্জাপুর, টাঙ্গাইল। বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের এবং জারীর প্রতিবেদন দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের ০২ (দুই) দিন পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৬। ইজারাদার, ...হাট, মির্জাপুর, টাঙ্গাইল।
১৭। জনাব ....।
১৮। নোটিশ বোর্ড অত্রাফিস।

৩১/০১/২১

উপজেলা নির্বাহী অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল।